গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

# ইউনিক আইডি প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল ও ডেটাবেজ প্রণয়নের নিমিত্ত শিক্ষার্থী তথ্যফরম (হার্ডকপি) পূরণের

# : নির্দেশিকা :

CIVIL REGISTRATION & VITAL STATISTICS


এস্টাবলিশমেন্ট অব "ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)" প্রকল্প

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫

ফোন: +৮৮০২-৫৫১৫১৬২৫

www.banbeis.gov.bd, e-mail- crvs_ieims@banbeis.gov.bd



মার্চ ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

# ইউনিক আইডি প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল ও ডেটাবেজ প্রণয়নের নিমিত্ত শিক্ষার্থী তথ্যফরম (হার্ডকপি) পূরণের

# নির্দেশিকা

CIVIL REGISTRATION & VITAL STATISTICS

**এস্টাবলিশমেন্ট অব "ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)" প্রকল্প**

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
ফোন: +৮৮০২-৫৫১৫১৬২৫;
www.banbeis.gov.bd, e-mail- crvs_ieims@banbeis.gov.bd

Rashel Sir YouTube Rashel Sir

### সিআরভিএস (Civil Registration and Vital Statistics) পরিচিতি

একটি একক আইডি-ব্যবস্থাপনার মাধ্যমে নাগরিকের জীবনপ্রবাহের উল্লেখযোগ্য ঘটনাসমূহ তথ্য-উপাত্ত আকারে সংরক্ষণ এবং এর ভিত্তিতে সরকারের সকল সেবা নিশ্চিত করার লক্ষ্যে সরকার বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (CRVS) কর্মসূচির উদ্যোগ গ্রহণ করেছে। বৈশ্বিক লক্ষ্য "Get everyone in the picture"- বাস্তবায়নের নিমিত্ত রাষ্ট্রের প্রত্যেক নাগরিককে চিহ্নিতকরণের মাধ্যমে তাঁর জীবনের গুরুত্বপূর্ণ ঘটনা ও তথ্যাদি যেমন: জন্ম, মৃত্যু বিবাহবিচ্ছেদ, দত্তক, মৃত্যুর কারণ ইত্যাদি ৬ টি মৌলিক ঘটনা সংঘটিত হওয়ার সঙ্গে সঙ্গে রেজিস্ট্রেশন করা (Civil Registry) এবং এর ভিত্তিতে প্রয়োজনীয় সকল ধরনের পরিসংখ্যান (Vital Statistics) তৈরি করার নিয়মিত প্রশাসনিক প্রক্রিয়াই হল সিআরভিএস।

শিক্ষা ব্যবস্থার সার্বিক তত্ত্বাবধান, তদারকি এবং মূল্যায়নের জন্য শিক্ষাতথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার সম্পর্কে CRVS এর আলোকে মাধ্যমিক স্কুল, স্কুল ও কলেজ, মাদ্রাসা, কলেজ, কারিগরি ও ভোকেশনাল প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তথ্য সম্বলিত ডেটাবেজ প্রণয়ন, ইউনিক আইডি প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের ট্রাকিং সিস্টেম প্রবর্তন এবং প্রত্যেক শিক্ষার্থীকে প্রদত্ত আইডি নম্বর শিক্ষার সকল স্তরে ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সিআরভিএস কর্মসূচির অংশ হিসেবে ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ পূর্বক শিক্ষার্থী প্রোফাইল প্রস্তুত করা হবে। শিক্ষার্থীদের মাতা-পিতার NID নম্বরসহ প্রয়োজনীয় তথ্য NID কর্তৃপক্ষের ডেটাবেজ এবং শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ORG কর্তৃপক্ষের ডেটাবেজ- এর সাথে লিংকস্থাপন পূর্বক যাচাই করে UID প্রদান করা হবে।

### সিসিডিএস (Citizen Core Data Structure) পরিচিতি

নাগরিকের নির্দিষ্ট কিছু সাধারণ তথ্য বিভিন্ন সরকারি কাজের জন্য ভিন্ন ভিন্ন জায়গায় বার বার পূরণের প্রয়োজন হয়। বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ অধস্তন দপ্তর নাগরিকের একই তথ্য ভিন্ন ভিন্ন ভাবে ফরমে এবং ডেটাবেজ এ সংরক্ষণ করে থাকেন। সরকারি সকল মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ অধস্তন দপ্তরসমূহ যেন অভিন্নভাবে নাগরিকের সাধারণ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে পারে তার জন্য সিসিডিএস (Citizen Core Data Structure) বাস্তবায়ন করা হচ্ছে। বিভিন্ন সরকারি সংস্থায় নাগরিকের বিভিন্ন তথ্য-উপাত্তের সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে নাগরিক সেবা সহজতর ও দ্রুততর করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রতিটি নাগরিকের মৌলিক তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ, ব্যবহার ও প্রয়োগের নিমিত্ত সিসিডিএস গাইড লাইন প্রণয়ন করা হয়েছে। CCDS এর নির্দেশিকা ও সর্বশেষ সংস্করণ (সাধারণ ও কারিগরি বর্ণনা) মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (http://www.cabinet.gov.bd) পাওয়া যাবে।

### শিক্ষার্থী তথ্যফরম

UID প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য শিক্ষার্থী তথ্যফরম দু'টি অংশে প্রণয়ন করা হয়েছে। শিক্ষার্থী তথ্যছক- 'ক' অংশ শিক্ষার্থীর মৌলিক তথ্য, যা সরকার কর্তৃক প্রণীত Citizen Core Data Structure (CCDS) অনুসরণে প্রণীত এবং শিক্ষার্থী তথ্যছক- 'খ' অংশ শিক্ষার্থীর অধ্যয়ন সম্পর্কিত তথ্য। শিক্ষার্থী তথ্যছকের উভয় অংশ ১ম বারের মত কাগজে কলমে পূরণ করতে হবে ও পরবর্তীতে অনলাইনে ডেটা এন্ট্রি করা হবে এবং পূরণকৃত তথ্যছক প্রতিষ্ঠান প্রধান এর অফিস -এ সংরক্ষণ করতে হবে।

### শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের করণীয়

- শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থী তথ্যফরম ও নির্দেশিকা প্রাপ্তির পর জাতীয় গুরুত্ব বিবেচনায় সকল শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী এবং অভিভাবককে বিষয়টি অবহিত করার উদ্যোগ গ্রহণ করবেন এবং প্রয়োজনীয় তথ্যাদি ও তদসংশ্লিষ্ট সাপোর্টিং ডকুমেন্ট প্রস্তুত রাখার বিষয়টি নিশ্চিত করবেন।
- শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান প্রত্যেক শ্রেণিশিক্ষককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
- কোন বিষয়ে অস্পষ্টতা প্রতীয়মান হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সঙ্গে সঙ্গে তা প্রকল্প দপ্তরে ফোন নং-০২-৫৫১৫১৬২৫ মোবাইল নম্বর- ০১৭১৫৪২৮৪৩২, ০১৭১২৬৫৩৩৩৩, ০১৯১৪৮৯০৫০৮ তে যোগাযোগ করে ব্যাখ্যা জেনে নিবেন।
- সকল শিক্ষার্থীর তথ্য সম্বলিত তথ্যফরমটি যথাযথভাবে পূরণ করা হয়েছে কি'না তা যাচাই পূর্বক তথ্যফরমে যথাস্থানে প্রতিস্বাক্ষর করবেন।
- তথ্যফরম পূরণ শেষে সমুদয় তথ্যফরম ৬ষ্ঠ থেকে ৭ম/৮ম/৯ম/১০ম/১১শ/১২শ পর্যন্ত সাজিয়ে বান্ডিল প্রস্তুত করে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের দ্বারা ডেটা এন্ট্রি নিশ্চিত করবেন। তবে কোন অবস্থাতেই Computer এর দোকান বা Cyber Centre থেকে ডেটা এন্ট্রি করা যাবেনা।
- CRVS সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ কর্মমসূচিতে নিজে এবং আইসিটিতে দক্ষ একজন শিক্ষকের অংশগ্রহণ নিশ্চিত করবেন এবং প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষককে নিয়ে অন্যান্য শ্রেণি শিক্ষকদের জন্য শিক্ষার্থী তথ্যফরম পূরণ বিষয়ে in-house প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।
- নির্ধারিত সময়ে শিক্ষার্থীদের মাঝে তথ্যফরম বিতরণ ও তথ্যফরম পূরণ নিশ্চিত করবেন।

### শ্রেণিশিক্ষকের করণীয়:

- শ্রেণিশিক্ষক নির্দেশমালা ও নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করবেন; কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে প্রতিষ্ঠান প্রধান অথবা USEO/TSEO অফিসে যোগাযোগ করে ব্যাখ্যা জেনে নিবেন।
- শ্রেণিশিক্ষক শিক্ষার্থীদের মাঝে শিক্ষার্থী তথ্যছক বিতরণ করবেন।
- শিক্ষার্থী তথ্যছক পূরণের বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন;
- শিক্ষার্থী কর্তৃক তথ্যছক পূরণের পর তথ্যছকটি যথাযথভাবে পূরণ করা হয়েছে কি'না তা যাচাই বাছাই পূর্বক স্বাক্ষর করে NID এবং মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে উল্লেখ করবেন।
- শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত তথ্যছকসমূহ যাচাই শেষে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের নিকট দাখিল করবেন।

### শিক্ষার্থীর পিতা/মাতা/ অভিভাবকের করণীয়:

- শিক্ষার্থী নিজে অথবা পিতা/মাতা/অভিভাবকের সহায়তায় তথ্যছকটি (অংশ 'ক') যথাযথভাবে পূরণ করবেন।
- তথ্যছকের সাথে সাপোর্টিং ডকুমেন্ট, যেমন- শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, শিক্ষার্থীর জন্মসনদ এর ফটোকপি, পিতা ও মাতা/অভিভাবকের NID এর ফটোকপি এবং জন্ম সনদের কপি (যদি থাকে) সংযুক্ত করবেন।
- কোন পিতা/মাতা/অভিভাবকের NID এবং জন্ম সনদ না থাকলে তা জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট স্থানীয় ইউনিয়ন পরিষদের তথ্যসেবা দপ্তরে যোগাযোগ করে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন।
- পূরণকৃত শিক্ষার্থী তথ্যছকটি সংযুক্ত ডকুমেন্টসহ শ্রেণিশিক্ষকের নিকট দাখিল করবেন।
- শিক্ষার্থী কর্তৃক তথ্যছক পূরণের পর তথ্যছকটি যাচাইপূর্বক পিতা/মাতা/অভিভাবক তথ্যছকের যথাস্থানে স্বাক্ষর/টিপসই প্রদান করবেন


Rashel Sir YouTube Rashel Sir

**USEO/TSEO এর করণীয়**

- ❖ CRVS সংশ্লিষ্ট কাজে উপজেলা সমন্বয়ক ও Supervision এর দায়িত্ব পালন করবেন।
- ❖ শিক্ষার্থী তথ্যছক বুঝে নিয়ে প্রাপ্তি স্বীকার ফরম এ স্বাক্ষর প্রদান করে ১ কপি প্রকল্প দপ্তরে e-mail এ এবং ১ কপি মুদ্রণ প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট প্রেরণ করবেন।
- ❖ সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের নিকট শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী শিক্ষার্থী তথ্যফরম, তথ্যফরম পূরণের নির্দেশিকা বিতরণ করবেন।
- ❖ মাস্টার ট্রেইনার হিসেবে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ গ্রহণ করবেন।
- ❖ সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের মনোনীত শিক্ষকদেরকে ডেটা এন্ট্রি এবং ফটো আপলোড এর বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।
- ❖ নির্ধারিত সময়ের মধ্যে পুরণকৃত তথ্যছকের ভিত্তিতে শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে ডেটাবেজ সিস্টেমে এন্ট্রি নিশ্চিত করবেন।
- ❖ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের মাধ্যমে ডেটা এন্ট্রি, ফটো আপলোডিং, ডেটা ভেরিফিকেশন এবংভেলিডেশন এর কাজ তদারকি করবেন।

**AP- এর করণীয়:**

- ❖ USEO এর সঙ্গে পরামর্শক্রমে শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে ডেটাবেজ সিস্টেমে এন্ট্রির জন্য সিডিউল প্রণয়ন করবেন।
- ❖ শিক্ষার্থী তথ্যছক পূরণ ও ডেটা এন্ট্রি কাজে মনিটরিং এর দায়িত্ব পালন করবেন।
- ❖ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মনোনীত শিক্ষকদের প্রশিক্ষণ পরিচালনায় মাস্টার ট্রেইনার হিসেবে কারিগরি সহায়তা প্রদান করবেন।
- ❖ UITRCE ল্যাবে ডেটা এন্ট্রির ব্যবস্থা করবেন এবং ডেটা এন্ট্রির কাজে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবেন।

**জেলা শিক্ষা অফিসার এর করণীয়**

- ➢ সংশ্লিষ্ট জেলার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে তথ্য সংগ্রহ, ডেটা এন্ট্রি, শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে সার্বিক তত্ত্বাবধান ও সহায়তা প্রদান করবেন।
- ➢ USEO/TSEOগণকে Master Trainers Training কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- ➢ প্রশিক্ষণ কর্মসূচিতে প্রতিষ্ঠান প্রধান ও একজন IT শিক্ষকের প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করবেন।

**আঞ্চলিক পরিচালক এর করনীয়:**

- ➢ সংশ্লিষ্ট অঞ্চলের আওতাধীন জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের বর্ণিত কার্যক্রমে সক্রিয় অংশ গ্রহণ ও দায়িত্ব পালন নিশ্চিত করবেন।
- ➢ নির্ধারিত সময়ের মধ্যে তথ্যছক পূরণ ডেটা এন্ট্রিসহ সকল কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

## শিক্ষার্থীদের তথ্যফরম প্রেরণ ও সংরক্ষণ প্রক্রিয়া প্রবাহ:

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রকল্প অফিস কর্তৃক মুদ্রিত তথ্যফরম USEO/ TSEO Office এ প্রেরণ | ⇨ | USEO/TSEO কর্তৃক মুদ্রিত তথ্যফরম শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণ | ⇨ | মুদ্রিত তথ্যফরম প্রতিষ্ঠানপ্রধান কর্তৃক শ্রেণিশিক্ষকের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে বিতরণ | ⇨ | শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত তথ্যছক শ্রেণিশিক্ষকের নিকট জমাদান এবং শ্রেণিশিক্ষক কর্তৃক পূরণকৃত ফরম যাচাইপূর্বক স্বাক্ষর করে প্রতিষ্ঠানপ্রধানের নিকট দাখিল ⇩ |
| USEO/TSEO ও সহকারি প্রোগ্রামারগণ UID নম্বরসহ প্রতিষ্ঠান ভিত্তিক শিক্ষার্থীদের Digital ID Card বিতরণ করবেন। | ⇦ | USEO/TSEO ও সহকারি প্রোগ্রামারগণ ডেটা এন্ট্রি মনিটরিং ও কারিগরি সহায়তা প্রদানপূর্বক নির্ধারিত সময়ে ডেটা এন্ট্রি নিশ্চিত করবেন। | ⇦ | শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের মনোনিত প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষককে দিয়ে ডেটা এন্ট্রি নিশ্চিত করবেন। | ⇦ | প্রতিষ্ঠানপ্রধান পূরণকৃত ফরম প্রত্যয়ন করে নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান পূর্বক ফরমগুলো শ্রেণিভিত্তিক সংরক্ষণ করবেন। |

## শিক্ষার্থী তথ্যছক (ক ও খ অংশ) পূরণে অনুসরণীয় নির্দেশনা

শিক্ষার্থী তথ্যফরম এ উপস্থাপিত বিষয়গুলো সঠিক ও নির্ভুলভাবে পূরণ করার জন্য নিম্নে উল্লিখিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

- প্রযোজ্য ক্ষেত্রে টিক (✓) চিহ্ন দিন: যে সকল প্রশ্নের একাধিক উত্তর দেয়া আছে সেখানে একটি এবং ক্ষেত্রবিশেষে একাধিক উত্তরে টিক (✓) চিহ্ন দিন।
- প্রতিটি শিক্ষার্থীর ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, (সাদা ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) তথ্যছকের যথাস্থানে সংযুক্ত করতে হবে। সংযুক্ত ছবির পিছনে শিক্ষার্থীর পূর্ণ নাম লিখতে হবে।
- শিক্ষার্থী তথ্যছকের সাথে শিক্ষার্থীর জন্ম সনদের অনুলিপি, পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি এবং পিতা ও মাতার উভয়ে মৃত হলে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে। পিতা ও মাতা/অভিভাবকের জন্ম সনদ (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

## ক অংশ: শিক্ষার্থীর মৌলিক তথ্য (CCDS অনুযায়ী)

| প্রশ্নমালার ক্রমিক নম্বর | তথ্যফরম পূরণ সম্পর্কিত নির্দেশনা |
|---|---|
| ১. | শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি রেজিস্ট্রার অনুযায়ী শিক্ষার্থীর নাম বাংলায় স্পষ্ট অক্ষরে পূরণ করতে হবে। |
| ২. | শিক্ষার্থীর নাম ইংরেজিতে স্পষ্ট বড় অক্ষরে প্রতিটি ঘর পূরণ করতে হবে। প্রতিটি শব্দ পূরণের পর ১টি ঘর ফাঁকা রাখতে হবে। |
| ৩. | শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী জন্ম নিবন্ধন নম্বর প্রতিটি ঘরে ১টি ডিজিট দ্বারা পূরণ করতে হবে। |
| ৪. | শিক্ষার্থীর জন্ম তারিখ জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী নির্ধারিত ঘরে প্রথমে ২ ডিজিটে কততম দিন অত:পর ২ ডিজিটে কততম মাস এবং জন্মের সাল ৪ ডিজিটে পূরণ করতে হবে। |
| ৫. | শিক্ষার্থীর জন্মস্থান বলতে নিজ জেলাকে বুঝানো হয়েছে। ঘরটি জেলার নাম দ্বারা পূরণ করতে হবে। |
| ৬.—১৩. | প্রযোজ্য ক্ষেত্রে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ১৪. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে হ্যাঁ ঘরে টিক (✓) চিহ্ন প্রদান করতে হবে, অন্যথায় পূরণের প্রয়োজন নেই। |
| ১৪ | ১৪ নং প্রশ্নে হ্যাঁ হলে বর্ণিত ১৩টি বিকল্পের মধ্যে প্রযোজ্যটিতে টিক (✓) চিহ্ন দিতে হবে। |



Rashel Sir YouTube Rashel Sir

| প্রশ্নমালার ক্রমিক নম্বর | তথ্যফরম পূরণ সম্পর্কিত নির্দেশনা |
|---|---|
| ১৫ ও ১৬ | মাতা এবং পিতার জাতীয় পরিচয়পত্র এর বিদ্যমান তথ্য অনুযায়ী ক,গ,ঘ,ঙ, অংশ পূরণ করতে হবে। খ অংশ মাতা ও পিতার জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী পূরণ করতে হবে (যদি থাকে)। মাতা ও পিতার সার্বক্ষণিক ব্যবহৃত মোবাইল নম্বর, পেশা এবং মাতা ও পিতা উভয়ই মৃত হলে শুধুমাত্র সাল উল্লেখ করতে হবে। |
| ১৭. | শিক্ষার্থীর বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট তথ্যাদি ক-ট পর্যন্ত যথাযথভাবে পূরণ করতে হবে |
| ১৮. | শিক্ষার্থীর পিতা অথবা পিতার অবর্তমানে মাতার ঠিকানা তার স্থায়ী ঠিকানা বিবেচনায় পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র (NID) অনুযায়ী তথ্যাদি ক-ট পর্যন্ত পূরণ করতে হবে যা NID কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত ডেটার সাথে যথার্থতা যাচাই করা হবে। |
| ১৯. | শিক্ষার্থীর পিতা-মাতা উভয়ই মৃত হলে যিনি অভিভাবকের দায়িত্ব পালন করছেন তাঁর সংশ্লিষ্ট তথ্যাদি ক-ঙ অংশে পূরণ করতে হবে। |
| ২০. | তথ্যছকটির ক অংশ যথাযথভাবে পূরণের পর শিক্ষার্থীর পিতা/মাতা/ অভিভাবক তা প্রত্যয়ন করবেন এবং যথাস্থানে তার নাম ও সক্ষম হলে স্বাক্ষর প্রদান করবেন। |
| শিক্ষার্থীর আইডি: | শিক্ষার্থী তথ্যছকের অংশ 'ক' সকল তথ্য এন্ট্রির পর System থেকে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থী আইডি Generate হবে। শিক্ষার্থী বা প্রতিষ্ঠানকে পূরণ করতে হবে না। |
| ইউআইডি | স্বয়ংক্রিয়ভাবে ORG এর ডেটাবেজ থেকে Generate হবে। শিক্ষার্থী/শিক্ষকের পূরণ করার প্রয়োজন নাই। |

বি: দ্র: পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র না থাকলে জরুরী ভিত্তিতে জাতীয় পরিচয়পত্র সংগ্রহের উদ্যোগ নিতে হবে।

**খ: অংশ-শিক্ষার্থীর অধ্যয়ন সম্পর্কিত তথ্য**

**শিক্ষার্থী আইডি:** শিক্ষার্থী তথ্যছকের 'ক' অংশ এন্ট্রি দেওয়ার পর System থেকে স্বয়ংক্রিয়ভাবে Generate হবে।

| প্রশ্নমালার ক্রমিক নম্বর | তথ্যফরম পূরণ সম্পর্কিত নির্দেশনা |
|---|---|
| ১. | শিক্ষাপ্রতিষ্ঠানের নাম পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র অনুযায়ী সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে। |
| ২. | শিক্ষাপ্রতিষ্ঠানের অবস্থান সংক্রান্ত পূর্ণ ঠিকানা যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ৩ (ক) | শিক্ষার্থী বর্তমান বছরে যে শ্রেণিতে অধ্যয়নরত আছেন তা উল্লেখ করতে হবে। |
| ৩ (খ) | প্রযোজ্য ক্ষেত্রে সেকশনের নাম উল্লেখ করতে হবে; যেমন A সেকশন বা B সেকশন ইত্যাদি। |
| ৩ (গ) | শিক্ষার্থীর বর্তমান অধ্যয়নরত শ্রেণির রোল নম্বর দ্বারা তিন ডিজিট এ পূরণ করতে হবে। |
| ৩ (ঘ) | একাধিক শিফ্‌ট পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য শিফ্‌টের ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। অর্থাৎ শিক্ষার্থী যে শিফ্‌ট এ অধ্যয়নরত সেই শিফ্‌ট এর ঘরে (✓) চিহ্ন দিতে হবে। |
| ৩ (ঙ) | ৯ম-১২শ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে বিদ্যমান ৭টি গ্রুপ এর মধ্যে প্রযোজ্যটিতে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ৩ (চ) | শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানে ১ম যে শ্রেণিতে ভর্তি হয়েছিল সে শ্রেণির নাম লিখতে হবে। |
| ৩ (ছ) | প্রশ্ন নম্বর ৩ (চ) এ উল্লিখিত শ্রেণিতে ভর্তির তারিখ (দিন-মাস-বছর) পূরণ করতে হবে। |
| ৩ (জ) | ৮ম - ১২শ শ্রেণির শিক্ষার্থীর জন্য রেজিস্ট্রেশন নম্বর পূরণ করতে হবে। |
| ৩ (ঝ) | শিক্ষার্থী যে ভার্সনে লেখাপড়া করেন তার ভিত্তিতে নির্ধারিত ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ৩ (ঞ) -(ঠ) | প্রযোজ্য ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ৩ (ড) | চলতি শিক্ষাবর্ষে অন্য প্রতিষ্ঠান থেকে TC নিয়ে বর্তমান প্রতিষ্ঠানে ভর্তি হলে হ্যাঁ এর ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ৩ (ঢ) | একজন শিক্ষার্থী একাধিক শিক্ষাবর্ষে একই শ্রেণিতে অধ্যয়নরত হলে হ্যাঁ ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ৪. | শিক্ষার্থী বর্তমান যে শ্রেণিতে অধ্যয়নরত তার পূর্ববর্তী শ্রেণিসমূহের সংশ্লিষ্ট তথ্যাদি যেমন- শ্রেণি, রোল নং, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ইআইআইএন, বোর্ডের নাম, (জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার ক্ষেত্রে) অধ্যয়নের বছর এবং অর্জিত ফলাফল ৫ম শ্রেণি থেকে পূরণ করবেন। তথ্যাদি নিম্নতর শ্রেণি হতে উচ্চতর শ্রেণি ক্রমানুসারে পূরণ করতে হবে। অর্থাৎ ১১শ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী পঞ্চম/পিইসি/সমমান, ৬ষ্ঠ, ৭ম, জেএসসি/সমমান, ৯ম, ও SSC/সমমান পরীক্ষার ফলাফল উল্লেখ করতে হবে। |
| ৫. | শিক্ষার্থীর বর্তমানে অধ্যয়নরত শ্রেণির পূর্ববর্তী শ্রেণির বিষয়ভিত্তিক ফলাফল পূরণ করতে হবে। অর্থাৎ কোনো শিক্ষার্থী বর্তমানে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত থাকলে শুধুমাত্র জেএসসি/সমমান/৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষার বিষয়ভিত্তিক ফলাফল পূরণ করতে হবে। অনুরুপভাবে ৭ম শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থী ৬ষ্ঠ শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল পূরণ করবে। Auto Promotion এর ক্ষেত্রে প্রযোজ্য হবেনা। |
| ৬. | শ্রেণিশিক্ষক শিক্ষার্থীর দৈনিক হাজিরার ভিত্তিতে মাসিক উপস্থিতি নিরূপণ করবেন। প্রতিমাসে মোট কর্ম দিবসের বিপরীতে সংশ্লিষ্ট শিক্ষার্থীর মোট উপস্থিতির দিবস সংখ্যা লিখতে হবে । |
| ৭. | শিক্ষার্থীর কো-কারিকুলার কার্যক্রম এ সংশ্লিষ্টতা অনুযায়ী এক বা একাধিক বিষয়ে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ৮. | শিক্ষার্থীর সংশ্লিষ্ট শখ সংক্রান্ত বর্ণিত বিষয়ের মধ্যে এক বা একাধিক বিষয়ে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ৯. | শিক্ষার্থীর অংশগ্রহণ মূলক কাজের সংশ্লিষ্টতা অনুযায়ী বর্ণিত ক্ষেত্রসমূহের মধ্যে এক বা একাধিক বিষয়ে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ১০. | শিক্ষার্থীর অর্জন /পুরস্কার/ সনদ প্রাপ্তি ইত্যাদি সংশ্লিষ্টতা অনুযায়ী বর্ণিত ক্ষেত্রসমূহের মধ্যে এক বা একাধিক বিষয়ে টিক (✓) চিহ্ন দিতে হবে। |
| ১১. | শিক্ষার্থী বিশেষ ক্যাটেগরি নির্ধারণের নিমিত্ত প্রযোজ্য ঘরে টিক (✓) চিহ্ন প্রদান করতে হবে। যেমন শিক্ষার্থী নিজে কর্মজীবী হলে তবেই কর্মজীবী ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। |

- শিক্ষার্থীর স্বাক্ষরের স্থানে অবশ্যই শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষর করে তারিখ দিতে হবে।
- শ্রেণি শিক্ষক পূরণকৃত ফরম যাচাই করে নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করবেন।
- সর্বশেষে প্রদত্ত তথ্যাদি বিষয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পূর্বক স্বাক্ষর প্রদান করবেন।

Rashel Sir YouTube Rashel Sir

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

**এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS) প্রকল্প**

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

www.banbeis.gov.bd; e-mail-info@banbeis.gov.bd

| ইআইআইএন : | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (শিক্ষা প্রতিষ্ঠানের) | | | | | | |

# শিক্ষার্থী তথ্যছক

(প্রযোজ্য ক্ষেত্রে টিক √ চিহ্ন দিন)

শিক্ষার্থীর ছবি
পাসপোর্ট সাইজ
(600kb)

## 'ক'- অংশ

## (শিক্ষার্থীর মৌলিক তথ্য, CCDS অনুসরণে)

১. শিক্ষার্থীর নাম (বাংলায়) :

২. শিক্ষার্থীর নাম (ইংরেজি বড় অক্ষরে):

৩. জন্ম নিবন্ধন নম্বর :

৪. জন্ম তারিখ :

| দিন | | মাস | | সাল | | | |
|---|---|---|---|---|---|---|---|
| D | D | M | M | Y | Y | Y | Y |

৫. জন্মস্থান (নিজ জেলা) : (জন্ম নিবন্ধন অনুযায়ী)

৬. জেন্ডার :

| পুরুষ-১ | মহিলা-২ | অন্যান্য-৩ |
|---|---|---|

৭. জাতীয়তা :

| বাংলাদেশি-১ | অন্যান্য-২ (সুনির্দিষ্ট করুন) ........................................ |
|---|---|

৮. ধর্ম :

| ইসলাম-১ | হিন্দু-২ | বৌদ্ধ-৩ | খ্রিষ্টান-৪ | Not a believer-৫ | Refuse to disclose-৬ | অন্যান্য -৭ |
|---|---|---|---|---|---|---|

৯. অধ্যয়নরত শ্রেণি :

| ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
|---|---|---|---|---|---|---|

১০. শ্রেণি রোল নম্বর :

১১. বৈবাহিক অবস্থা :

| অবিবাহিত-১ | বিবাহিত-২ | বিধবা-৩ | বিপত্নীক -৪ | স্বামী-স্ত্রী পৃথক বসবাস -৫ | তালাকপ্রাপ্ত-৬ | বিবাহবিচ্ছেদ-৭ |
|---|---|---|---|---|---|---|

১২. প্রতিবন্ধিতা (Disability) :

| বাক প্রতিবন্ধী-১ | দৃষ্টি প্রতিবন্ধী-২ | শ্রবণ প্রতিবন্ধী-৩ | শারীরিক প্রতিবন্ধী-৪ | মানসিক প্রতিবন্ধী-৫ | সমস্যা নেই-০ |
|---|---|---|---|---|---|

১৩. রক্তের গ্রুপ :

| A+ | A- | B+ | B- | AB+ | AB- | O+ | O- |
|---|---|---|---|---|---|---|---|

১৪. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কি না :

| হ্যাঁ-১ | না-২ |
|---|---|

১৪.১ উত্তর হ্যাঁ হলে, নিচের যে কোন একটিতে টিক √ চিহ্ন দিন:

| সাঁওতাল | চাকমা | গারো | হাজং | চাক | কুকি | খেয়া | বম | মারমা | ত্রিপুরা | খাসিয়া | মনিপুরি | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

১৫. মাতার তথ্য (NID অনুযায়ী):

ক) নাম (বাংলায়) :

খ) নাম (ইংরেজি বড় অক্ষরে) :

গ) NID :

ঘ) জন্ম তারিখ :

| দিন | | মাস | | সাল | | | |
|---|---|---|---|---|---|---|---|
| D | D | M | M | Y | Y | Y | Y |

ঙ) জন্ম নিবন্ধন নম্বর :

চ) মোবাইল নম্বর :

ছ) পেশা :

জ) মাতা মৃত হলে মৃত্যুর সাল :

| Y | Y | Y | Y |
|---|---|---|---|

১৬. পিতার তথ্য (NID অনুযায়ী):

ক) নাম (বাংলায়) :

খ) নাম (ইংরেজি বড় অক্ষরে) :

গ) NID :

ঘ) জন্ম তারিখ : দিন মাস সাল D D M M Y Y Y Y

ঙ) জন্ম নিবন্ধন নম্বর :

চ) মোবাইল নম্বর :

ছ) পেশা :

জ) পিতা মৃত হলে মৃত্যুর সাল : Y Y Y Y

১৭. বর্তমান ঠিকানা : (ক) বিভাগ................................... (খ) জেলা ................................. (গ) উপজেলা/থানা...............................................

(ঘ) সিটি কর্পোরেশন/ পৌরসভা .....................(ঙ) ইউনিয়ন ......................... (চ) ওয়ার্ড নম্বর...........................................

(ছ) মৌজা ...................................... (জ) গ্রাম /মহল্লা/ রাস্তার নাম ও নম্বর ..............................................................

(ঝ) বাসার হোল্ডিং নম্বর..........................(ঞ) ডাকঘর.................................... (ট) পোস্ট কোড:

১৮. স্থায়ী ঠিকানা {পিতা/মাতা এর স্থায়ী ঠিকানা (NID অনুযায়ী পূরণ করতে হবে) এবং বর্তমান ও স্থায়ী ঠিকানা এক হলে পূরণযোগ্য নয়}:

(ক) বিভাগ................................... (খ) জেলা ................................. (গ) উপজেলা/থানা...............................................

(ঘ) সিটি কর্পোরেশন/ পৌরসভা .....................(ঙ) ইউনিয়ন ......................... (চ) ওয়ার্ড নম্বর...........................................

(ছ) মৌজা ...................................... (জ) গ্রাম /মহল্লা/ রাস্তার নাম ও নম্বর ..............................................................

(ঝ) বাসার হোল্ডিং নম্বর..........................(ঞ) ডাকঘর.................................... (ট) পোস্ট কোড:

১৯. অভিভাবক (পিতা-মাতা উভয়ই মৃত হলে) :

ক) অভিভাবকের নাম :

খ) অভিভাবকের NID :

গ) অভিভাবকের পেশা :

ঘ) অভিভাবকের সাথে সম্পর্ক: (প্রযোজ্য ক্ষেত্রে টিক √ চিহ্ন দিন)

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| দাদা | দাদী | ভাই | বোন | চাচা | নানা | নানী | মামা | ফুফু | খালা | চাচাতো ভাই | মামাতো ভাই | চাচাতো বোন | মামাতো বোন | আইনগত |

ঙ) অভিভাবকের মোবাইল নম্বর:

২০. পিতা/মাতা/অভিভাবক এর প্রত্যয়ন (যে কোন একটিতে টিক √ চিহ্ন দিন)

| |
|---|
| এ তথ্যছকে উল্লিখিত তথ্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য |
| পিতা/মাতা/অভিভাবক এর নাম: |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| স্বাক্ষর: | | | | | | | | |
| তারিখ: | D | D | M | M | Y | Y | Y | Y |

২১. শিক্ষার্থীর আইডি :
(অফিস কর্তৃক পূরণীয়)

২২. শিক্ষার্থীর ইউআইডি :
(অফিস কর্তৃক পূরণীয়)

কনফার্মেশন নম্বর :
(অফিস কর্তৃক পূরণীয়)

## শিক্ষার্থী তথ্যছক

শিক্ষার্থীর নাম : ____________________ ই আই আই এন : | | | | | | |

শিক্ষার্থীর আইডি : | | | | | | | | | | | | | | |
(অফিস কর্তৃক পূরণীয়)

### 'খ'- অংশ
### (শিক্ষার্থীর অধ্যয়ন সম্পর্কিত তথ্য)

১. শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ ....................................................................................................

২. শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা: (ক) বিভাগ.............................................. (খ) জেলা..............................................

(গ) উপজেলা/থানা.............................................. (ঘ) সিটি কর্পোরেশন/ পৌরসভা ..............................................

৩. বর্তমানে অধ্যয়ন সম্পর্কিত তথ্য:

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| (ক) শ্রেণি: | | | | (খ) সেকশন (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| (গ) রোল নং: | | | | | | | |
| (ঘ) শিফ্ট: | | | প্রভাতি-১ | দিবা-২ | সান্ধ্য-৩ | | অন্যান্য-৪ |
| (ঙ) গ্রুপ: | মানবিক-১ | বিজ্ঞান-২ | ব্যবসায় শিক্ষা-৩ | কারিগরি-৪ | সাধারণ-৫ | হিফযুল কোরআন-৬ | মুযাব্বিদ-৭ |
| (চ) বর্তমান প্রতিষ্ঠানে প্রথম ভর্তির শ্রেণি: | | | | (ছ) ভর্তির তারিখ: | D D M M Y Y Y Y | | |
| (জ) রেজিস্ট্রেশন নম্বর: (৮ম-১২শ শ্রেণির জন্য) | | | | (ঝ) ভার্সন: | বাংলা-১ | ইংরেজি-২ | অন্যান্য-৩ |
| (ঞ) উপবৃত্তি প্রাপ্ত: | হ্যাঁ-১ | না-২ | | (ট) মেধাবৃত্তি প্রাপ্ত: | হ্যাঁ-১ | না-২ | |
| (ঠ) অন্যান্য বৃত্তি প্রাপ্ত: | হ্যাঁ-১ | না-২ | | (ড) ট্রান্সফার ইন: | হ্যাঁ-১ | না-২ | |
| (ঢ) রিপিটার: | হ্যাঁ-১ | না-২ | | | | | |

৪.পূর্ববর্তী শ্রেণি পরীক্ষার ফলাফল

| শ্রেণি পরীক্ষার নাম | রোল নং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ইআইআইএন | বোর্ড | জিপিএ | পরীক্ষার বছর |
|---|---|---|---|---|---|---|
| পিইসি/সমমান | | | | | | |
| ৬ষ্ঠ | | | | | | |
| ৭ম | | | | | | |
| জেএসসি/সমমান | | | | | | |
| ৯ম/৯ম ভোক. | | | | | | |
| এসএসসি/সমমান | | | | | | |
| ১১শ | | | | | | |

৫. বিষয়ভিত্তিক ফলাফল (বার্ষিক/পাবলিক পরীক্ষা: অধ্যয়নরত শ্রেণির পূর্ববর্তী শ্রেণি পরীক্ষার ফলাফল)

| পরীক্ষা/শ্রেণির নাম | নির্বাচিত বিষয় | বিষয়ের নাম | প্রাপ্ত নম্বর | গ্রেড পয়েন্ট |
|---|---|---|---|---|
| (১) পিইসি | আবশ্যিক বিষয়সমূহ: | ১. | | |
| (২) এবতেদায়ি | | ২. | | |
| (৩) ৬ষ্ঠ | | ৩. | | |
| (৪) ৭ম | | ৪. | | |
| (৫) জেএসসি | | ৫. | | |
| (৬) জেডিসি | | ৬. | | |
| (৭) ৯ম | | ৭. | | |
| (৮) ৯ম ভোক. | | ৮. | | |
| (৯) এসএসসি | | ৯. | | |
| (১০) এসএসসি ভোক. | | ১০. | | |
| (১১) দাখিল | নৈর্বাচনিক/ ঐচ্ছিক বিষয়সমূহ: | ১. | | |
| (১২) দাখিল ভোক. | | ২. | | |
| | | ৩. | | |
| | | ৪. | | |

৬. উপস্থিতির তথ্য (২০২০ সাল-শ্রেণি শিক্ষক কর্তৃক পূরনীয়)

| *মাসের নাম* | মোট কর্মদিবস | উপস্থিত দিবসের সংখ্যা |
|---|---|---|
| *জানুয়ারি* | | |
| *ফেব্রুয়ারি* | | |
| *মার্চ* | | |

৭. কো-কারিকুলার কার্যক্রম (প্রযোজ্য ক্ষেত্রসমূহে টিক √ চিহ্ন দিন):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| স্কাউট-১ | গার্লস গাইড-২ | গার্লস ইন স্কাউট-৩ | বিএনসিসি-৪ | রেড ক্রিসেন্ট-৫ | স্টুডেন্টস্ কেবিনেট-৬ | স্বাস্থ্যসেবা-৭ | কাউন্সেলিং সেবা-৮ |
| বার্ষিক ক্রীড়া-৯ | বার্ষিক সাংস্কৃতিক-১০ | ফুটবল-১১ | ক্রিকেট-১২ | ভলিবল-১৩ | কাবাডি-১৪ | হ্যান্ডবল-১৫ | ইনডোর গেম্স-১৬ |
| বিজ্ঞান মেলা-১৭ | বৃক্ষরোপণ-১৮ | স্বেচ্ছায় রক্তদান-১৯ | স্বাক্ষরতা অভিযান-২০ | বিতর্ক-২১ | হামদ্-নাত-২২ | কেরাত -২৩ | আযান-২৪ |
| অন্যান্য-২৫ | | | | | | | |

৮. শখ (Hobby) (প্রযোজ্য ক্ষেত্রসমূহে টিক √ চিহ্ন দিন):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কৃষিকাজ-১ | বইপড়া-২ | চিত্রাঙ্কন-৩ | কবিতা বা গল্পলেখা-৪ | আবৃত্তি-৫ | নৃত্য-৬ | সঙ্গীত-৭ | রচনা-৮ |
| বাগান করা-৯ | জনসেবা-১০ | অভিনয়-১১ | রাইডিং-১২ | ভ্রমণ-১৩ | ট্রেকিং-১৪ | সাঁতার-১৫ | অন্যান্য-১৬ |

৯. অংশগ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রসমূহে টিক √ চিহ্ন দিন):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৯.১ সাহিত্য ও সংস্কৃতি: | আন্তর্জাতিক-১ | জাতীয়-২ | বিভাগীয়-৩ | জেলা পর্যায়ে-৪ | উপজেলা পর্যায়ে-৫ | আন্তঃ শিক্ষা প্রতিষ্ঠান-৬ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান-৭ |
| ৯.২ ক্রীড়া: | আন্তর্জাতিক-১ | জাতীয়-২ | বিভাগীয়-৩ | জেলা পর্যায়ে-৪ | উপজেলা পর্যায়ে-৫ | আন্তঃ শিক্ষা প্রতিষ্ঠান-৬ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান-৭ |
| ৯.৩ সৃজনশীল ও শুদ্ধাচার: | আন্তর্জাতিক-১ | জাতীয়-২ | বিভাগীয়-৩ | জেলা পর্যায়ে-৪ | উপজেলা পর্যায়ে-৫ | আন্তঃ শিক্ষা প্রতিষ্ঠান-৬ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান-৭ |

১০. অর্জন/পুরস্কার/সনদ সংক্রান্ত (প্রযোজ্য ক্ষেত্রসমূহে টিক √ চিহ্ন দিন):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.১ সাহিত্য ও সংস্কৃতি: | আন্তর্জাতিক-১ | জাতীয়-২ | বিভাগীয়-৩ | জেলা পর্যায়ে-৪ | উপজেলা পর্যায়ে-৫ | আন্তঃ শিক্ষা প্রতিষ্ঠান-৬ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান-৭ |
| ১০.২ ক্রীড়া: | আন্তর্জাতিক-১ | জাতীয়-২ | বিভাগীয়-৩ | জেলা পর্যায়ে-৪ | উপজেলা পর্যায়ে-৫ | আন্তঃ শিক্ষা প্রতিষ্ঠান-৬ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান-৭ |
| ১০.৩ সৃজনশীল ও শুদ্ধাচার: | আন্তর্জাতিক-১ | জাতীয়-২ | বিভাগীয়-৩ | জেলা পর্যায়ে-৪ | উপজেলা পর্যায়ে-৫ | আন্তঃ শিক্ষা প্রতিষ্ঠান-৬ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান-৭ |

১১. শিক্ষার্থীর ক্যাটেগরি:

| | | | | |
|---|---|---|---|---|
| কর্মজীবী-১ | ভূমিহীন অভিভাবকের সন্তান-২ | মুক্তিযোদ্ধা পোষ্য/নাতি-নাতনি-৩ | অনাথ-৪ | এতিম-৫ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিক্ষার্থীর স্বাক্ষর: | | তারিখ: | D | D | M | M | Y | Y | Y | Y |

শ্রেণি শিক্ষকের স্বাক্ষর:

তারিখ : D D M M Y Y Y Y

নাম :

এনআইডি :

মোবাইল নম্বর :

## প্রত্যয়ন

এ তথ্যছকে প্রদত্ত তথ্য আমার জানামতে সঠিক ও নির্ভুল।

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর :

নাম :

তারিখ : D D M M Y Y Y Y

মোবাইল নম্বর :

এনআইডি :




Printed by : Printmaster printing & packaging Ltd.